

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

দাফনের পর যা কিছু বিদআত

- ১. উল্লেখ্য যে, কবরের বাইরে থেকে কবরস্থ ব্যক্তিকে প্রশ্নের উত্তর বলে দেওয়ার কোন পদ্ধতি নেই। কেউ যদি এসব কথা বলে ও করে সেগুলোর তথ্য সঠিক নয়। (সিলসিলাহ যঈফাহ: ৫৯৯)।
- ২. কবরের উপর খেজুর গাছের ডাল পুতে রাখা। একবার রাসূলুল্লাহ (সা.) দু'টি কবরে দুটি খেজুরের ডাল গেঁড়ে দিয়েছিলেন। সে ঘটনাটি ছিল উনার জন্য খাস অর্থাৎ স্বতন্ত্র ব্যাপার। এটি আমাদের জন্য আমলযোগ্য নয়। এমনকি কবরে ফুল গাছ লাগানোও ঠিক নয়।
- ৩. দাফনের পরে লাশের মাথা ও পায়ের কাছে বিশেষ কোন সূরা বা আয়াত পড়া। এরূপ করার পক্ষে কোন হাদীস নেই। নিজে থেকে বানিয়ে এরূপ করলে তা হবে বিদআত।
- 8. কবর পাকা করা, চুনকাম করা, কবরবাসীর নাম লিখে এর আগে জান্নাতী লেখা, এর উপর ঘর গম্বুজ বা মাযার নির্মাণ। কবরের উপর বসা হাদীস সূত্রে এগুলো নিষিদ্ধ ও হারাম। (আহকামুল জানায়িয)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13392

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন